

💵 বুলুগুল মারাম

হাদিস নাম্বারঃ ৭১৯

পর্ব - ৬ঃ হাজ (হজ্জ/হজ) প্রসঙ্গ (১৯৮১)

পরিচ্ছেদঃ ১. হজ্জে এর ফযীলত ও যাদের উপর হজ্জ ফরয তার বিবরণ - কারও পক্ষ থেকে হজ্ব করার শর্ত

আরবী

وَعَنْهُ: أَنَّ النَّبِيَّ _ صلى الله عليه وسلم _ سَمِعَ رَجُلًا يَقُولُ: لَبَّيْكَ عَنْ شُبْرُمَةَ, قَالَ: «مَنْ شُبْرُمَةُ?» قَالَ: أَخُ [لِي], أَقْ قَرِيبٌ لِي, قَالَ: «حَجَجْتَ عَنْ نَفْسِكَ» قَالَ: لَا. قَالَ: «حُجَجْتَ عَنْ نَفْسِكَ» قَالَ: لَا. قَالَ: «حُجَّ عَنْ نَفْسِكَ, ثُمَّ حُجَّ عَنْ شُبْرُمَةَ». رَوَاهُ أَبُو دَاؤُدَ, وَابْنُ مَاجَهْ, وَصَحَّحَهُ ابْنُ حِبَّانَ, وَالرَّاجِحُ عِنْدَ أَحْمَدَ وَقْفُهُ

ضعيف. رواه أبو داود (1811)، وابن ماجه (2903)، وابن حبان (962)، وهذا الحديث اختلف فيه كثيرا، لكن أعله أئمة كبار كأحمد، والطحاوي، والدارقطني، وابن دقيق العيد، وغيرهم، فالقول إن شاء الله قولهم

বাংলা

৭১৯। ইবনে আব্বাস (রাঃ) থেকে বর্ণিত। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এক ব্যক্তিকে বলতে শুনলেন: "শুবরুমার পক্ষ থেকে আমি তোমার কাছে হাযির হয়েছি"। রাসূলুল্লাহ (রঃ) জিজ্ঞেস করেন: শুবরুমা কে? সে বললো, আমার ভাই, অথবা বললো, আমার এক নিকটাত্মীয়। তিনি বলেন, তুমি কি কখনও নিজের পক্ষ হতে হজ্জ করেছো? সে বললো, না। তিনি বলেন: তাহলে তোমার নিজের পক্ষ থেকে আগে হজ্জ করো, অতঃপর শুবরুমার পক্ষ থেকে হজ্জ করো। আবু দাউদ, ইবনু মাজাহ, ইবনু হিব্বান একে সহীহ বলেছেন। আর আহমাদের নিকট হাদীসটির মাককুফ হওয়াটাই অধিক সাব্যস্ত।[1]

English

Ibn 'Abbas (RAA) narrated, The Messenger of Allah (ﷺ) heard a man saying,



'O Allah! Here I am in response to Your call (saying Labbayk on behalf..) on behalf of Shubrumah.' The Messenger of Allah () asked him. "Have you performed your own Hajj?" He replied, 'No,' whereupon the Prophet told him, "You must perform Hajj on your own behalf first, and then perform it on behalf of Shubrumah." Related by Abu Dawud and Ibn Majah. Ibn Hibban graded it as Sahih.

ফুটনোট

[1] আবূ দাউদ ১৮১১, ইবনু মাজাহ, ইবনু হিব্বান ৯৬২।

উক্ত হাদীসের দুর্বলতা নিয়ে অনেক মতানৈক্য রয়েছে। কিন্তু বড় বড় আয়েস্মায়ে কিরামগণ যেমন আহমাদ,তাহাবী, দারাকুতনী, ইবনু দাকীকুল ঈদ এবং অন্যান্যরা উক্ত হাদীসটিকে দূর্বল হিসেবে আখ্যায়িত করেছেন। আর এটাই নির্ভরযোগ্য কথা।

ইমাম শাওকানী আল ফাতহুর রব্বানী ৮/৪১৪ গ্রন্থে বলেন, এ হাদীসকে ক্রটিযুক্ত করা হয়েছে মাওকৃফ বলে, তবে এটি ক্রটি নয়, কেননা, আবদাহ বিন সুলাইমান মারফূ সূত্রে বর্ণনা করেছেন, আর তিনি বিশ্বস্ত বর্ণনাকারী। যদিও হাদীসটিকে মাওকুফের দোষে দুষ্ট বলা হয়েছে তথাপি আবদাহ বিন সুলাইমান কর্তৃক হাদীসটি মারফূ' হিসেবে বর্ণিত হয়েছে। অধিকন্তু তিনি সিকাহ রাবীদের অন্তর্ভুক্ত। শাইখ আলবানী সহীহ আবূ দাউদ ১৮১১, সহীহ ইবনু মাজাহ ২৩৬৪, ইরাওয়াউল গালীল ৯৯৪ গ্রন্থতায়ে একে সহীহ বলেছেন। ইবনু উসাইমীন আশ শারহুল মুমতি ৭/৩১ গ্রন্থে বলেন, এই ক্রাওয়াউল গালীল ৯৯৪ গ্রন্থতায় একে চিনাই বলেছেন। আর্থাৎ বিদ্বানগণ এ হাদীসের মারফূ'-মাওকৃফ এবং সহীহ-যঈফ হওয়ার ব্যাপারে মতানৈক্য করেছেন।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন □ বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আব্বাস (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন